# আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪ : ১৯

## আরবি মূল আয়াত:

وَّ اَن لَّا تَعلُوا عَلَی اللّٰہِ اِنِّی اٰتِیکُم بِسُلطٰنٍ مُّبِینٍ ﴿۱۹﴾

## অনুবাদসমূহ:

‘আর আল্লাহর বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করো না। নিশ্চয় আমি তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ নিয়ে আসব।’ — আল-বায়ান

আর আল্লাহর বিরুদ্ধে ঔদ্ধত্য দেখাইও না, আমি তোমাদের কাছে (আমার রসূল হওয়ার) সুস্পষ্ট প্রমাণ পেশ করছি। — তাইসিরুল

এবং তোমরা আল্লাহর বিরুদ্ধে উদ্ধত হয়োনা, আমি তোমাদের নিকট উপস্থিত করছি স্পষ্ট প্রমাণ। — মুজিবুর রহমান

And [saying], "Be not haughty with Allah. Indeed, I have come to you with clear authority. — Sahih International

১৯. আর তোমরা আল্লাহর বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করো না, নিশ্চয় আমি তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ নিয়ে আসব।

-

তাফসীরে জাকারিয়া

(১৯) এবং তোমরা আল্লাহর বিরুদ্ধে উদ্ধত হয়ো না,[1] আমি তোমাদের নিকট স্পষ্ট প্রমাণ উপস্থিত করছি। [2]

[1] অর্থাৎ, তাঁর রসূলের আনুগত্য করতে অস্বীকার করে আল্লাহর সামনে তোমরা ঔদ্ধত্য ও অবাধ্যতা প্রকাশ করো না।

[2] এটা হল পূর্বোক্ত কথার কারণ। অর্থাৎ, আল্লাহর বিরুদ্ধে উদ্ধত হয়ো না। কারণ আমি এমন সুস্পষ্ট প্রমাণ নিয়ে এসেছি, যাকে অস্বীকার করার কোনই অবকাশ নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4433

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন